



হজযাত্রীদের সেবা নিশ্চিত না হলে পদত্যাগ করা উচিত: ধর্মমন্ত্রী



ছবি: সংগৃহীত

হজযাত্রীদের সেবা নিশ্চিত করতে ব্যর্থ হলে দায়িত্বে থাকার কোনো যুক্তি নেই বলে মন্তব্য করেছেন ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদ। তিনি বলেন, হজযাত্রীরা আমাদের কাছে আমানত, আর তাদের সেবা নিশ্চিত করাই মূল দায়িত্ব।

শুক্রবার (১৭ এপ্রিল) সকালে রাজধানীর আশকোনায়ে হজক্যাম্পে আকস্মিক পরিদর্শনে গিয়ে তিনি এসব কথা বলেন। এ সময় তার সঙ্গে ছিলেন হজ অফিসের পরিচালক মো. লোকমান হোসেন।

ধর্মমন্ত্রী জানান, চলতি বছর প্রথম হজ ফ্লাইট আগামী শনিবার (১৮ এপ্রিল) রাত ১২টা ২০ মিনিটে ৪১৯ জন যাত্রী নিয়ে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সৌদি আরবের জেদ্দার উদ্দেশে রওনা দেবে। এই উপলক্ষে বৃহস্পতিবার থেকেই হজযাত্রীরা ক্যাম্পে আসতে শুরু করেছেন।

পরিদর্শনকালে তিনি হজ ফ্লাইট উদ্বোধন প্রস্তুতি, ক্যাম্পের সার্বিক পরিস্থিতি এবং ব্যবস্থাপনা ঘুরে দেখেন। পাশাপাশি হজযাত্রীদের সঙ্গে কথা বলে তাদের যাত্রার প্রস্তুতি, থাকা-খাওয়া ও অন্যান্য সুবিধা সম্পর্কে খোঁজ নেন।

তিনি ক্যাম্পে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী এবং বিভিন্ন স্বেচ্ছাসেবী দলের সদস্যদের সঙ্গেও মতবিনিময় করেন। হজযাত্রী যেন নিরাপদ, স্বাচ্ছন্দ্যময় ও নির্বিঘ্ন হয়, সে বিষয়ে সবাইকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান মন্ত্রী।

হজ ক্যাম্পে মশা ও ছারপোকাকার সমস্যার বিষয়ে জানতে চাইলে ধর্মমন্ত্রী বলেন, প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়া হবে।